তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

## জুন-জুলাই মাসের বেতন না দেয়ায় শিক্ষকদের ক্ষোভ

**স্টাফ রিপোর্টার ॥** বাংলাদেশ শিক্ষক সমিতি ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি পৃথক পৃথক বিবৃতিতে বেসরকারী শিক্ষকদের জুন-জুলাই মাসের বেতন না দেয়ায় ক্ষোভ প্রকাশ করেছে। শিক্ষক সমিতির সভাপতি কাজী আবদুর রাজ্জাক ও মহাসচিব সেলিম ভূইয়া বিবৃতিতে বলেন, শিক্ষা অধিদফরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদাসীনতার কারণে বেসরকারী শিক্ষক-কর্মচারীরা সময়মতো বেতনের সরকারী অংশ পান না। নেতৃবৃন্দ বলেন, এখন আগস্ট মাস হলেও জুন মাসের বেতনের অংশ না পেয়ে বেসরকারী শিক্ষক- কর্মচারীরা মানবেতর জীবন কাটাচ্ছেন। তাঁরা প্রতিমাসের বেতন পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রদানের দাবি জানান।

কলেজ শিক্ষক সমিতির সভাপতি কাজী ফারুক

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## জুন-জুলাই মাসের

(১২-এর পাতার পর)

আহমেদ ও সাধারণ সম্পাদক আসাদুল হক বলেছেন, যেখানে নিয়মিত বেতন পেয়েও একজন চাকরিজীবীর পক্ষে পরিবার পরিজন নিয়ে চলা সম্ভব নয়, সেখানে দুই তিন মাস পরেও বেতন না পেয়ে বেসরকারী শিক্ষক-কর্মচারিগণ কিভাবে পরিবার পরিজন নিয়ে বেঁচে থাকবে তা উপলব্ধি করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বার বার ব্যর্থ হয়েছে।